

## তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)  
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং : ২৪/২০১৫

অভিযোগকারী : জনাব কে এম হারিসুল আলম জনি  
পিতা-মৃত কে এম শহিদুল আলম  
গ্রাম-শেরকান্দি  
থান+পোস্ট-কুমারখালী  
জেলা-কুষ্টিয়া।

প্রতিপক্ষ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)  
উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়  
কুমারখালী, কুষ্টিয়া।

### সিদ্ধান্তপত্র।

(তারিখ : ১৮-০৩-২০১৫ ইং)

অভিযোগকারী জনাব কে এম হারিসুল আলম জনি ২০-০৫-২০১৪ তারিখে তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৮(১) ধারা অনুসারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া বরাবরে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

- ২০১৩-২০১৪ অর্থবছরে কুমারখালী পৌরসভার কতজন ছাত্র/ছাত্রী মাধ্যমিক পর্যায়ে শিক্ষা উপবৃত্তি পাচ্ছে তাদের নামের তালিকা।

০২। নির্ধারিত সময়ের মধ্যে প্রার্থিত তথ্য না পেয়ে অভিযোগকারী ২৯-০৯-২০১৪ তারিখে জেলা শিক্ষা কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ (আরটিআই), কুষ্টিয়া বরাবরে আপীল আবেদন করেন। আপীল আবেদন করার পরও কোন প্রতিকার না পেয়ে তিনি ২৯-০১-২০১৫ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দাখিল করেন।

০৩। বিষয়টি কমিশনের ২৫-০২-২০১৫ তারিখের সভায় আলোচনা করা হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী অভিযোগের বিষয়ে ১৮-০৩-২০১৫ তারিখ শুনানীর দিন ধার্য করে সংশ্লিষ্ট পক্ষগণের প্রতি সমন জারী করা হয়।

০৪। শুনানীর ধার্য তারিখে অভিযোগকারী জনাব কে এম হারিসুল আলম জনি তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়ে অভিযোগ প্রত্যাহারের জন্য তথ্য কমিশনে আবেদন প্রেরণ করে গরহাজির। প্রতিপক্ষ উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া গরহাজির।

### পর্যালোচনা

অভিযোগকারীর দাখিলকৃত প্রমাণাদি পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া অভিযোগকারীকে তার যাচিত তথ্যাদি সরবরাহ করেছেন এবং অভিযোগকারী তার প্রার্থিত তথ্য প্রাপ্ত হয়েছেন। প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগকারী অভিযোগটি প্রত্যাহারের আবেদন করেছেন বিধায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য হিসেবে গণ্য করা যায়।

(অ: পৃ: দ্র:)

## সিদ্ধান্ত।

যেহেতু, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার কার্যালয়, কুমারখালী, কুষ্টিয়া অভিযোগকারীকে তার প্রার্থিত তথ্য সরবরাহ করেছেন এবং যেহেতু, অভিযোগকারী প্রাপ্ত তথ্যে সন্তুষ্ট হয়ে অভিযোগটি নিষ্পত্তির আবেদন করেছেন, সেহেতু, অভিযোগটি নিষ্পত্তি করা হলো এবং সরবরাহকৃত তথ্যের ফটোকপি অত্র সিদ্ধান্ত প্রাপ্তির ৭ দিনের মধ্যে তথ্য কমিশনে প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে নির্দেশ দেয়া হলো। অন্যথায় পরবর্তী আইনানুগ কার্যক্রম গ্রহণ করা হবে।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত/-  
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(নেপাল চন্দ্র সরকার)  
তথ্য কমিশনার

স্বাক্ষরিত/-  
(মোহাম্মদ ফারুক)  
প্রধান তথ্য কমিশনার